গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd
----

**"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"**

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.০০০.১১২.২৪.০০০১.২৩.৩১৩

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: জাতীয় প্রাণিসম্পদ পদক-২০২৬ এর মনোনয়ন বাছাই সংক্রান্ত নির্ণায়ক মানদন্ডের স্কোর অনুমোদন সংক্রান্ত।**

সূত্র: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২৬ জুলাই, ২০২৬ খ্রিঃ তারিখের স্মারক নং-
৩৩.০০.০০০০.০০০.১১৮.২৩.০০৩৬.২৫.৩১২ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় প্রাণিসম্পদ পদক-২০২৬ এর প্রদান সংক্রান্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত কারিগরি কমিটির ০৯/০৬/২০২৬ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক প্রার্থী বাছাই ও নির্বাচনের প্রতিটি ক্ষেত্রে নির্ণায়ক মানদন্ডের স্কোর মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুমোদিত নির্ণায়ক মানদন্ডের স্কোর অনুযায়ী জেলা কমিটি প্রতিটি ক্ষেত্রে ক্রমানুসারে ০৩টি প্রস্তাব অনুমোদিত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী কারিগরি কমিটির নিকট প্রেরণ জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ
১। অনুমোদনকৃত পদক মনোনয়ন নির্ণায়ক মানদন্ডের স্কোর;
২। অনুমোদনকৃত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা।

২৭-০৭-২০২৬
মোঃ শাহজামান খান
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)।

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.০০০.১১২.২৪.০০০১.২৩.৩১৩/১ (৩)

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর (সকল)।
৩। পরিচালক, সম্প্রসারণ, সম্প্রসারণ শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।

২৭-০৭-২০২৬
মোঃ শাহজামান খান
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

DD(Form)
& 26/07/26

**আমিবেই শক্তি, আমিবেই মুক্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ শাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১১৮.২৩.০০৩৬.২৫.৩১২

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩৩ / ২৬ জুলাই ২০২৬

**বিষয়: জাতীয় প্রাণিসম্পদ পদক-২০২৬ এর মনোনয়ন বাছাই সংক্রান্ত নির্ণায়ক মানদন্ডের স্কোর অনুমোদন সংক্রান্ত।**

সূত্র: প্রাণিসম্পদ অধিদপ্তরের স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১২.২৪.০০০১.২৩.২৮১, তারিখ: ৩০ জুন, ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক জাতীয় প্রাণিসম্পদ পদক-২০২৬ প্রদান সংক্রান্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত কারিগরি কমিটির ০৯/০৬/২০২৬ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক প্রার্থী বাছাই ও নির্বাচনের প্রতিটি ক্ষেত্রে নির্ণায়ক মানদন্ডের প্রস্তাবিত স্কোর যাচাইপূর্বক নির্দেশক্রমে অনুমোদন করা হলো।

সংযুক্তি: ০৯ (নয়) পাতা;

26/07/2026

(মোহাম্মদ কামাল হোসেন)
উপসচিব
টেলিফোন: ২২২৩৩৫৬৬৯৮
ইমেইল: livestock-2@mofl.gov.bd

মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
প্রাণিসম্পদ অধিদপ্তর
ফার্মগেট, ঢাকা।

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১১৮.২৩.০০৩৬.২৫.৩১২

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩৩ / ২৬ জুলাই ২০২৬

**অবগতির জন্য অনুলিপি প্রেরন করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১ অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস কপি/মাস্টার কপি।

(মোহাম্মদ কামাল হোসেন)
উপসচিব

F:\Backup\Livestock-2-2023\Letter 2026 (2).docx

**গবাদি প্রাণীর খামার (গরু, মহিষ, ছাগল, ভেড়া) ক্যাটাগরিতে মনোনয়ন মূল্যায়নের জন্য নিম্নোক্ত মানদণ্ড নির্ধারণ করা যেতে পারে।**

| ক্র. নং | মূল্যায়নের বিষয় | প্রতিটি মানদণ্ডের সূচক | প্রস্তাবিত নম্বর |
|---|---|---|---|
| (০১) | খামারের অবস্থান ও অবকাঠামো সুবিধা | (ক) খামারের অবস্থান ও পরিকল্পিত নকশা | ১০ |
| | | (খ) পর্যাপ্ত আলো, বায়ু, চলাচল ও তাপমাত্রা নিয়ন্ত্রণ | |
| | | (গ) নিরাপদ পানির ব্যবস্থা | |
| | | (ঘ) পর্যাপ্ত জনবল (কারিগরি/অস্থায়ী) | |
| | | (ঙ) অগ্নি নিরাপত্তা ও জরুরি প্রস্তুতি | |
| (০২) | উৎপাদনশীলতা (দুধ/মাংস উৎপাদন, উৎপাদন দক্ষতা | (ক) প্রাণী প্রতি দুধ/মাংস উৎপাদন | ১০ |
| | | (খ) দৈনিক ও বার্ষিক উৎপাদন | |
| | | (গ) গবাদিপশুর সংখ্যা | |
| | | (ঘ) বাছুর উৎপাদনের হার (%) | |
| | | (ঙ) বাচ্চা মৃত্যুর হার (%) | |
| (০৩) | খামার ব্যবস্থাপনা ও বায়োসিকিউরিটি | (ক) পরিষ্কার পরিচ্ছন্নতা | ১০ |
| | | (খ) আবাসন ব্যবস্থা ও প্রাণী প্রতি পর্যাপ্ত স্থান | |
| | | (গ) রেকর্ড সংরক্ষণ | |
| | | (ঘ) বার্ষিক কর্মপরিকল্পনা | |
| | | (ঙ) খামারের নিরাপত্তা | |
| (০৪) | প্রাণী কল্যাণ (Animal Welfare) | (ক) পর্যাপ্ত বিশুদ্ধ পানি ও খাদ্য | ৫ |
| | | (গ) স্ট্রেসমুক্ত পরিবেশ | |
| | | (ঘ) মানবিক আচরণ | |
| (০৫) | স্বাস্থ্য ব্যবস্থাপনা | (ক) শতভাগ টিকাদান | ১০ |
| | | (খ) নিয়মিত কৃমিনাশক | |
| | | (গ) রোগবালাই ও চিকিৎসা সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ | |
| | | (ঘ) ভেটেরিনারি চিকিৎসকের তত্ত্বাবধান | |
| (০৬) | জেনেটিক উন্নয়ন ও প্রজনন ব্যবস্থাপনা | (ক) দেশীয় জাত সংরক্ষণ | ১০ |
| | | (খ) উন্নত জাতের ব্যবহার | |
| | | (গ) কৃত্রিম প্রজনন/এমব্রায়ো ব্যবহার | |
| | | (ঘ) বংশগত রেকর্ড সংরক্ষণ | |
| (০৭) | খাদ্য ও পুষ্টি ব্যবস্থাপনা | (ক) সুষম খাদ্য | ৫ |
| | | (খ) নিজস্ব ঘাস উৎপাদন সক্ষমতা | |
| | | (গ) সাইলেজ/হে প্রস্তুত | |

| | | | |
|---|---|---|---|
| | | (ঘ) খাদ্যের মান নিয়ন্ত্রণ | |
| (০৮) | পরিবেশবান্ধব বর্জ্য ব্যবস্থাপনা | (ক) গোবর থেকে জৈব সার | ৫ |
| | | (খ)বায়োগ্যাস | |
| | | (গ) বার্মি কম্পোস্ট প্রযুক্তির ব্যবহার | |
| | | (ঘ) দুর্গন্ধ ও দূষণ নিয়ন্ত্রণ | |
| (০৯) | উদ্ভাবন ও প্রযুক্তি ব্যবহার | (ক) স্মার্ট ফার্মিং (আধুনিক প্রযুক্তির ব্যবহার) | ৫ |
| | | (খ) অটোমেটিক মিল্কিং/ফিডিং | |
| | | (গ) ডিজিটাল রেকর্ড | |
| | | (ঘ) আইওটি বা সেন্সর প্রযুক্তি (Ear Tags, RFID Microchips, GPS Collar, Muzzle Identification Technology) | |
| (১০) | খাদ্য নিরাপত্তা, ট্রেসেবিলিটি ও মান নিয়ন্ত্রণ | (ক) অ্যান্টিবায়োটিকের যথাযথ ব্যবহার এবং এতদ্‌সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ | ১০ |
| | | (খ) Withdrawal period অনুসরণ এবং এতদ্‌সংক্রান্ত রেকর্ড সংরক্ষ | |
| | | (গ) দুধ ও মাংস (নিরাপত্তা পরীক্ষা ও রেকর্ড সংরক্ষণ) | |
| | | (ঘ) ট্রেসেবিলিটি ব্যবস্থা | |
| (১১) | আর্থিক সাফল্য ও লাভজনকতা | (ক) উৎপাদন ব্যয় | ৫ |
| | | (খ) লাভজনকতা | |
| | | (গ) বাজার সম্প্রসারণ | |
| (১২) | সামাজিক অবদান | (ক) স্থানীয় কর্মসংস্থান সৃষ্টি | ১০ |
| | | (খ) নারী উদ্যোক্তা সৃষ্টি | |
| | | (গ) প্রশিক্ষণ প্রদান | |
| | | (ঘ) খামারী সহায়তা | |
| (১৩) | আইন ও বিধি প্রতিপালন | (ক) খামার নিবন্ধন | ৫ |
| | | (খ) কর ও লাইসেন্স হালনাগাদ | |
| | | (গ) প্রাণিসম্পদ অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ | |
| | | **সর্বমোট** | **১০০** |

**নিম্নোক্ত ক্ষেত্রে খামারকে পদকের জন্য অযোগ্য ঘোষণা করা যেতে পারে—**

* প্রাণীর প্রতি নিষ্ঠুর আচরণের প্রমাণ।
* ভেজাল বা অনিরাপদ প্রাণিজ পণ্য উৎপাদন।
* জাল তথ্য বা নথি প্রদান।
* সংক্রামক রোগ গোপন করা।
* পরিবেশ দূষণ বা আইন লঙ্ঘনের প্রমাণ।

পোল্ট্রি খামার (ব্রয়লার, লেয়ারর, সোনালি, হাঁস, কোয়েল ইত্যাদি) মূল্যায়নের ক্ষেত্রে নিম্নোক্ত মানদন্ড ব্যবহার করা যেতে পারে।

| ক্র. নং | মুল্যায়নের বিষয় | প্রতিটি প্যারামিটারের সূচক | প্রস্তাবিত নম্বর |
|---|---|---|---|
| (০১) | খামারের অবস্থাপন ও অবকাঠামো সুবিধা | (ক) খামারের অবস্থান ও পরিকল্পিত নকশা | ১৫ |
| | | (খ) পর্যাপ্ত আলো, বায়ু চলাচল ও তাপমাত্রা নিয়ন্ত্রণ | |
| | | (গ) নিরাপদ পানির ব্যবস্থা | |
| | | (ঘ) পর্যাপ্ত যন্ত্রপাতি ও আধুনিক প্রযুক্তির ব্যবহার | |
| | | (ঙ) অগ্নি নিরাপত্তা ও জরুরি প্রস্তুতি | |
| (০২) | জৈব-নিরাপত্তা (Biosecurity) ও খামার ব্যবস্থাপনা | (ক) প্রবেশ নিয়ন্ত্রণ ব্যবস্থা | ১৫ |
| | | (খ) ফুটবাথ ও জীবাণুনাশক ব্যবহার | |
| | | (গ) যানবাহন ও সরঞ্জাম জীবাণুমুক্তকরণ | |
| | | (ঘ) নতুন পাখির কোয়ারেন্টাইন | |
| | | (ঙ) মৃত পাখি নিরাপদে অপসারণ | |
| | | (চ) ইঁদুর, মাছি ও বন্য পাখি নিয়ন্ত্রণ | |
| (০৩) | উৎপাদন দক্ষতা | (ক) উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জন | ১৫ |
| | | (খ) ডিম উৎপাদনের হার (লেয়ার) | |
| | | (গ) ব্রয়লারের গড় ওজন ও Feed Conversion Ratio (FCR) | |
| | | (ঘ) মৃত্যুহার (Mortality Rate) | |
| | | (ঙ) বাজারজাতকরণের সাফল্য | |
| (০৪) | প্রাণিকল্যাণ ও স্বাস্থ্য ব্যবস্থাপনা | (ক) নিয়মিত টিকাদান | ১০ |
| | | (খ) ভেটেরিনারি তত্ত্বাবধান | |
| | | (গ) রোগ পর্যবেক্ষণ ও দ্রুত চিকিৎসা | |
| | | (ঘ) পর্যাপ্ত স্থান ও ঘনত্ব বজায় রাখা | |
| | | (ঙ) স্ট্রেস কমানোর ব্যবস্থা | |
| (০৫) | পরিবেশ ও বর্জ্য ব্যবস্থাপনা | (ক) লিটার ব্যবস্থাপনা | ১০ |
| | | (খ) দুর্গন্ধ ও মাছি নিয়ন্ত্রণ | |
| | | (গ) বর্জ্য পুনর্ব্যবহার | |

| | | | |
|---|---|---|---|
| | | (কম্পোস্ট/বায়োগ্যাস) | |
| | | (ঘ) দূষণ নিয়ন্ত্রণ | |
| (০৬) | খাদ্য ও উৎপাদিত পণ্যের গুনগতমান | (ক) মানসম্মত ফিড ব্যবহার | ১৫ |
| | | (খ) ফিড সংরক্ষণের ব্যবস্থা | |
| | | (গ) বিশুদ্ধ পানির সরবরাহ | |
| | | (ঘ) অ্যান্টিবায়োটিকের যথাযথ ব্যবহার এবং এতদ্‌সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ | |
| | | (ঙ) Withdrawal period অনুসরণ এবং এতদ্‌সংক্রান্ত রেকর্ড সংরক্ষ | |
| | | (চ) অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স (AMR) প্রতিরোধে উত্তম চর্চা | |
| | | (ছ) উৎপাদন পণ্য (মাংস, ডিম) ও ফিডের মান পরীক্ষা এবং এতদ্‌সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ | |
| (০৭) | রেকর্ড সংরক্ষণ ও আর্থিক ব্যবস্থাপনা | (ক) উৎপাদন রেকর্ড | ১০ |
| | | (খ) টিকাদান ও চিকিৎসা রেকর্ড | |
| | | (গ) মৃত্যুর হিসাব | |
| | | (ঘ) বিক্রয় ও ব্যয়ের হিসাব | |
| | | (ঙ) ট্রেসেবিলিটি ব্যবস্থা | |
| (০৮) | উদ্ভাবন, প্রশিক্ষণ ও সামাজিক অবদান | (ক) আধুনিক প্রযুক্তির ব্যবহার | ১০ |
| | | (খ) সরকারি/বেসরকারি প্রশিক্ষণে অংশগ্রহণ | |
| | | (গ) কর্মসংস্থান সৃষ্টি | |
| | | (ঘ) নারী ও যুব উদ্যোক্তা সম্পৃক্ততা | |
| | | (ঙ) নিরাপদ খাদ্য উৎপাদনে অবদান | |
| | | **সর্বমোট** | **১০০** |

**নিম্নোক্ত বিষয়গুলোর জন্য ৫-১০ বোনাস নম্বর রাখা যেতে পারে-**

* পরিবেশবান্ধব বা নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার
* আন্তর্জাতিক মান (যেমন GMP, HACCP, ISO) অনুসরণ)
* ডিজিটাল খামার ব্যবস্থাপনা (সফটওয়্যার/সেন্সর/অটোমেশন)

"প্রাণী ও প্রাণীজ পণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, বাজারজাতকরণ ও রপ্তানি" ক্যাটাগরিতে মূল্যায়নের ক্ষেত্রে মূল্যায়নের মানদন্ড করে।

| ক্র. নং | মুল্যায়নের বিষয় | প্রস্তাবিত মানদন্ডের সূচক | প্রস্তাবিত নম্বর |
|---|---|---|---|
| (০১) | উৎপাদন সক্ষমতা | (ক) বার্ষিক উৎপাদনের পরিমাণ | ১৫ |
| | | (খ) উৎপাদনের ধারাবাহিকতা | |
| (০২) | প্রক্রিয়াজাতকরণ পণ্যের বিবরণ (দুধ, মাংস, ডিম, গুড়া দুধ, আইসক্রিম, মিষ্টি, পনির, ঘি, মাখন, চকলেট, দধি ইত্যাদি) | (ক) আধুনিক যন্ত্রপাতির ব্যবহার | ১০ |
| | | (খ) পণ্যের বৈচিত্র্য | |
| | | (গ) মূল্য সংযোজনের হার (Value added) | |
| (০৩) | বাজারজাতকরণ | (ক) দেশীয় বাজারে উপস্থিতি | ১০ |
| | | (খ) ব্র্যান্ড প্রতিষ্ঠা | |
| | | (গ) ডিজিটাল বিপণন | |
| | | (ঘ) কোল্ড চেইন ও সরবরাহ ব্যবস্থা | |
| (০৪) | রপ্তানি | (ক) রপ্তানিকৃত পণ্যের পরিমাণ | ১৫ |
| | | (খ) রপ্তানিকৃত দেশের সংখ্যা | |
| | | (গ) আন্তর্জাতিক মানদন্ড অনুসরণ/Certification (ISO, IFS, GHP ইত্যাদি) | |
| | | (ঘ) বৈদেশিক মুদ্রা অর্জন | |
| (০৫) | উদ্ভাবন | (ক) গবেষণা ও উন্নয়ন (R&D) | ৫ |
| | | (খ) নতুন পণ্য উদ্ভাবন | |
| | | (গ) ডিজিটাল প্রযুক্তির ব্যবহার | |
| (০৬) | সামাজিক ও পরিবেশগত অবদান | (ক) কর্মসংস্থান সৃষ্টি | ১০ |
| | | (খ) নারী ও যুব অংশগ্রহণ | |
| | | (গ) পরিবেশবান্ধব উৎপাদন | |
| | | (ঘ) বর্জ্য ব্যবহার | |
| (০৭) | আইন ও বিধি প্রতিপালন | (ক) ট্রেড লাইসেন্স | ৭ |
| | | (খ) কর ও ভ্যাট পরিশোধ | |
| | | (গ) পরিবেশগত ছাড়পত্র | |
| | | (ঘ) সংশ্লিষ্ট সরকারি নিবন্ধন ও অনুমোদন | |
| | | (ঙ) Codex, SPS, Halal, বাংলাদেশ খাদ্য নিরাপত্তা এবং প্রাণিসম্পদ সংক্রান্ত বিধি অনুসরণ | |
| (০৮) | খাদ্য নিরাপত্তা, ট্রেসেবিলিটি ও মান নিয়ন্ত্রণ | (ক) নিজস্ব বা অনুমোদিত পরীক্ষাগার, নিয়মিত মাইক্রোবায়োলজিক্যাল ও রাসায়নিক পরীক্ষা এবং SOP | ২০ |

| | | | |
|---|---|---|---|
| | | অনুসরণ ও এতদ্‌সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ | |
| | | (খ) উৎপাদন পরিবহন ও সংরক্ষণে নির্ধারিত তাপমাত্রা বজায় রাখা এবং পর্যবেক্ষন | |
| | | (গ) খামার থেকে ভোক্তা/রপ্তানি পর্যন্ত ব্যাচ নম্বর, রেকর্ড সংরক্ষণ, পণ্য সনাক্তকরণ ও প্রত্যাহার ব্যবস্থা | |
| | | (ঘ) অ্যান্টিবায়োটিক, কীটনাশক, ভারী ধাতু ও অন্যান্য দূষণের গ্রহণযোগ্য সীমা নিশ্চিতকরণ | |
| ০৯ | | (ক) উৎপাদন ব্যয় | |
| | | (খ) লাভজনকতা | |
| | | (গ) বাজার সম্প্রসারণ | |
| | | **সর্বমোট** | **১০০** |

**প্রয়োজনীয় প্রমাণপত্র**

* গত ৩ বছরের উৎপাদন তথ্য
* বিক্রয় ও রপ্তানি তথ্য
* নিরীক্ষিত আর্থিক বিবরণী
* মান সনদ (ISO, HACCP, GMP ইত্যাদি)
* সরকারি নিবন্ধন ও লাইসেন্স
* কর/ভ্যাট সংক্রান্ত দলিল
* পরিবেশগত ছাড়পত্র
* রপ্তানি সংক্রান্ত নথি (যদি প্রযোজ্য হয়)

প্রাণিসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা সংক্রান্ত প্রযুক্তি উদ্ভাবন (গবেষক, গবেষণা প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও সম্প্রসারণ প্রযুক্তি) ক্যাটাগরিতে মূল্যায়নের মানদণ্ড:

| ক্র. নং | মূল্যায়নের বিষয় | প্রতিটি মানদণ্ডের সূচক | প্রস্তাবিত নম্বর |
|---|---|---|---|
| (০১) | উদ্ভাবনের নতুনত্ব | (ক) সম্পূর্ণ নতুন প্রযুক্তির বর্ণনা | ১৫ |
| | | (খ) বিদ্যমান প্রযুক্তির উল্লেখযোগ্য উন্নয়ন | |
| | | (খ) দেশীয় বাস্তবতার সাথে অভিযোজন | |
| (০২) | বৈজ্ঞানিক মান | (ক) গবেষণা পদ্ধতির যথার্থতা | ১৫ |
| | | (খ) পরীক্ষার পুনরাবৃত্ত ফলাফল (piloting) | |
| | | (গ) পিয়ার-রিভিউ প্রকাশনা | |
| | | (ঘ) তথ্য-উপাত্তের নির্ভরযোগ্যতা | |
| (০৩) | সমস্যা সমাধানের সক্ষমতা | (ক) রোগ নিয়ন্ত্রণ | ১৫ |
| | | (খ) উৎপাদন বৃদ্ধি | |
| | | (গ) উৎপাদন ব্যয় হ্রাস | |
| | | (ঘ) খাদ্য নিরাপত্তা/মান নিয়ন্ত্রণ সক্ষমতা | |
| (০৪) | মাঠ পর্যায়ে স্টেকহোল্ডাদের গ্রহণযোগ্যতা | (ক) কতজন খামারি প্রযুক্তি ব্যবহার করছেন | ১৫ |
| | | (খ) কতটি জেলা/উপজেলায় সম্প্রসারিত হয়েছে | |
| | | (গ) ব্যবহারকারীর সন্তুষ্টি (feedback) | |
| | | (ঘ) সরকারি বা বেসরকারি সম্প্রসারণ কার্যক্রমে অন্তর্ভুক্তি | |
| (০৫) | অর্থনৈতিক প্রভাব | (ক) উৎপাদন বৃদ্ধি | ১০ |
| | | (খ) আয় বৃদ্ধি | |
| | | (গ) ব্যয় হ্রাস | |
| | | (ঘ) আমদানি নির্ভরতা হ্রাস | |
| | | (ঙ) রপ্তানির সম্ভাবনা | |
| (০৬) | পরিবেশ ও জীবনিরাপত্তা | (ক) পরিবেশবান্ধব প্রযুক্তি | ১০ |
| | | (খ) অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স (AMR) ঝুঁকি কমানো | |
| | | (গ) বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়নে অবদান | |
| | | (ঘ) কার্বন নিঃসরণ হ্রাস | |
| | | (ঙ) বায়োসিকিউরিটি নিশ্চিতকরণে সক্ষমতা | |

| | | | |
|---|---|---|---|
| (০৭) | প্রযুক্তি হস্তান্তর | (ক) প্রশিক্ষণের সংখ্যা | ৮ |
| | | (খ) প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা | |
| | | (গ) প্রশিক্ষণ মডিউল | |
| | | (ঘ) সম্প্রসারণ সামগ্রী | |
| | | (ঙ) ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার | |
| (০৮) | মেধাস্বত্ব ও স্বীকৃতি | (ক) পেটেন্ট | ৫ |
| | | (খ) কপিরাইট | |
| | | (গ) জাতীয় বা আন্তর্জাতিক পুরস্কার | |
| | | (ঙ) প্রযুক্তির নিবন্ধন | |
| (০৯) | বাণিজ্যিকীকরণ | (ক) শিল্পে ব্যবহার | ৫ |
| | | (খ) লাইসেন্সিং | |
| | | (গ) স্টার্টআপ বা উদ্যোক্তা সৃষ্টি | |
| | | (ঘ) বেসরকারি বিনিয়োগ | |
| (১০) | টেকসইতা | (ক) দীর্ঘমেয়াদে ব্যবহারযোগ্যতা | ২ |
| | | (খ) কম পরিচালন ব্যয় | |
| | | (গ) সহজে সম্প্রসারণযোগ্য | |
| | | **সর্বমোট** | ১০০ |

**অতিরিক্ত সূচক (প্রয়োজনে ১০ নম্বর পর্যন্ত)**

* নারী উদ্যোক্তা বা নারী খামারিদের উপকার।
* যুব উদ্যোক্তা সৃষ্টি।
* প্রান্তিক ও ক্ষুদ্র খামারিদের জন্য উপযোগিতা।
* ডিজিটাল প্রযুক্তি (AI, IoT, Decision Support System) ব্যবহার।
* জাতীয় নীতি, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) এবং স্মার্ট বাংলাদেশ-এর সাথে সামঞ্জস্য।
* প্রযুক্তির মাধ্যমে আমদানি বিকল্প সৃষ্টি বা রপ্তানি সম্ভাবনা।

প্রাণিসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনায় *ব্যক্তি, প্রতিষ্ঠান, অ্যাসোসিয়েশন, সমবায় সমিতি, গণমাধ্যম, এনজিও এবং সমাজভিত্তিক সংগঠন-এর অবদান মূল্যায়নের মানদণ্ড:

| ক্র. নং | মূল্যায়নের বিষয় | প্রতিটি মানদণ্ডের সূচক | প্রস্তাবিত নম্বর |
|---|---|---|---|
| (০১) | ব্যক্তি | (ক) প্রাণিসম্পদ উন্নয়নে অবদান | |
| | | (খ) উদ্ভাবনী উদ্যোগ | |
| | | (গ) কৃষক ও উদ্যোক্তা তৈরিতে অবদান | |
| | | (ঘ) নৈতিক নেতৃত্ব | |
| (০২) | প্রতিষ্ঠান/সংস্থা | (ক) গবেষণা ও প্রযুক্তি সম্প্রসারণ | |
| | | (খ) সেবার মান | |
| | | (গ) প্রাতিষ্ঠানিক সক্ষমতা | |
| | | (ঘ) জাতীয় পর্যায়ে প্রভাব | |
| (০৩) | অ্যাসোসিয়েশন/সমবায় সমিতির সংস্য সংখ্যা | (ক) সদস্যদের আয় বৃদ্ধি | |
| | | (খ) সমবায় ব্যবস্থাপনার সাফল্য | |
| | | (গ) বাজার সংযোগ | |
| | | (ঘ) সদস্যসেবা ও স্বচ্ছতা | |
| (০৪) | এনজিও | (ক) দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন | |
| | | (খ) প্রকল্পের স্থায়িত্ব | |
| | | (গ) সরকারি সংস্থার সাথে সমন্বয় | |
| | | (ঘ) উদ্ভাবনী উন্নয়ন মডেল | |
| (০৫) | গণমাধ্যম | (ক) প্রাণিসম্পদ বিষয়ক মানসম্মত প্রতিবেদন | |
| | | (খ) জনসচেতনতা বৃদ্ধি | |
| | | (গ) ভুয়া তথ্য প্রতিরোধ | |
| | | (ঘ) সফল উদ্যোগ প্রচার | |
| (০৬) | সমাজভিত্তিক সংগঠন | (ক) রোগ প্রতিরোধ ও বায়োসিকিউরিটি সচেতনতা | |
| | | (খ) কমিউনিটি পর্যায়ে প্রাণিসম্পদ উন্নয়ন | |
| | | (গ) দুর্যোগ মোকাবিলায় সহায়তা | |
| | | (ঘ) স্থানীয় অংশগ্রহণ নিশ্চিতকরণ | |
| (০৭) | প্রযুক্তি হস্তান্তর | (ক) প্রশিক্ষণের সংখ্যা | |
| | | (খ) প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি | |
| | | (গ) প্রশিক্ষণ মডিউল সংখ্যা | |
| | | (ঘ) সম্প্রসারণ সামগ্রী | |
| | | (ঙ) ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার | |
| (০৮) | মেধাস্বত্ব ও স্বীকৃতি | (ক) পেটেন্ট | |
| | | (খ) কপিরাইট | |

| | | | |
|---|---|---|---|
| | | (গ) জাতীয় বা আন্তর্জাতিক পুরস্কার | |
| | | (ঘ) প্রযুক্তির নিবন্ধন | |
| (০৯) | বাণিজ্যিকীকরণ | (ক) শিল্পে ব্যবহার | |
| | | (খ) লাইসেন্সিং | |
| | | (গ) স্টার্টআপ বা উদ্যোক্তা সৃষ্টি | |
| | | (ঘ) বেসরকারি বিনিয়োগ | |
| (১০) | টেকসইতা | (ক) দীর্ঘমেয়াদে ব্যবহারযোগ্যতা | |
| | | (খ) কম পরিচালন ব্যয় | |
| | | (গ) সহজে সম্প্রসারণযোগ্য | |
| | | **সর্বমোট** | |

প্রতিটি সূচকের স্কোরিং পদ্ধতি (০-৫)

* *৫* = অত্যন্ত উৎকৃষ্ট (জাতীয় পর্যায়ে উল্লেখযোগ্য ও প্রমাণিত অবদান)
* *৪* = উৎকৃষ্ট
* *৩* = ভালো
* *২* = সন্তোষজনক
* *১* = সীমিত
* *০* = প্রমাণ নেই/প্রযোজ্য নয়

**বাধ্যতামূলক যাচাইযোগ্য প্রমাণ (Evidence)**

* সরকারি নিবন্ধন/লাইসেন্স
* গত ৩-৫ বছরের কার্যক্রম প্রতিবেদন
* আর্থিক নিরীক্ষা প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে)
* প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালার তথ্য
* উপকারভোগীর সংখ্যা ও ফলাফল
* সরকারি বা স্বীকৃত প্রতিষ্ঠানের প্রত্যয়ন
* জাতীয়/আন্তর্জাতিক পুরস্কার বা স্বীকৃতি
* মাঠ পরিদর্শন ও যাচাই প্রতিবেদন

**অযোগ্য ঘোষণার (Disqualification) ভিত্তি**

নিম্নোক্ত ক্ষেত্রে আবেদনকারীকে অযোগ্য ঘোষণা করা যেতে পারে:

* জাল বা বিভ্রান্তিকর তথ্য প্রদান
* দুর্নীতি, প্রতারণা বা আর্থিক অনিয়মের প্রমাণ
* প্রাণিকল্যাণ, জনস্বাস্থ্য বা পরিবেশ আইন গুরুতরভাবে লঙ্ঘন
* নিবন্ধন বা আইনি বৈধতা না থাকা (যেখানে প্রযোজ্য)
* মূল্যায়নের সময় প্রয়োজনীয় প্রমাণ উপস্থাপনে ব্যর্থতা

"আত্মকর্মসংস্থান ও প্রাণিসম্পদ উন্নয়নে নারীর অবদান" ক্যাটাগরিতে -এর অবদান মূল্যায়নের মানদণ্ড:

| ক্র. নং | মূল্যায়নের বিষয় | প্রতিটি মানদণ্ডের সূচক | প্রস্তাবিত নম্বর |
|---|---|---|---|
| (০১) | আত্মকর্মসংস্থান সৃষ্টি | (ক) নিজস্ব খামার/প্রতিষ্ঠান পরিচালনা<br>(খ) নিয়মিত আয়<br>(গ) আর্থিক স্বনির্ভরতা | ১৫ |
| (০২) | প্রাণিসম্পদ উৎপাদনে অবদান | (ক) গবাদিপশু<br>(খ) পোল্ট্রি<br>(গ) ছাগল, ভেড়া<br>(ঘ) হাঁস-মুরগি | ১৫ |
| (০৩) | খামারের পরিসর ও উৎপাদনশীলতা | (ক) প্রাণীর সংখ্যা<br>(খ) উৎপাদনের পরিমাণ<br>(গ) উৎপাদনশীলতার উন্নয়ন | ১৫ |
| (০৪) | কর্মসংস্থান সৃষ্টি | (ক) নারী ও যুবকদের কর্মসংস্থান সৃষ্টি | ১০ |
| (০৫) | প্রযুক্তি গ্রহণ ও উদ্ভাবন | (ক) আধুনিক প্রযুক্তি<br>(খ) কৃত্রিম প্রজনন<br>(গ) ডিজিটাল ব্যবস্থাপনা<br>(ঘ) উন্নত খাদ্য ও বায়োসিকিউরিটি | ১০ |
| (০৬) | প্রাণিস্বাস্থ্য ও কল্যাণ | (ক) টিকাদান<br>(খ) রোগ প্রতিরোধ<br>(গ) নিশ্চিতকরণ প্রাণিকল্যাণ | ৫ |
| (০৭) | পরিবেশবান্ধব কার্যক্রম | (ক) বর্জ্য ব্যবস্থাপনা<br>(খ) বায়োগ্যাস<br>(গ) জৈব সার উৎপাদন<br>(ঘ) পরিবেশ সংরক্ষণ | ১০ |
| (০৮) | সামাজিক নেতৃত্ব ও নারীর ক্ষমতায়ন | (ক) অন্য নারীকে প্রশিক্ষণ<br>(খ) উদ্বুদ্ধকরণ<br>(গ) সমবায় বা সংগঠন পরিচালনা | ১০ |
| (০৯) | বাজারজাতকরণ ও মূল্য সংযোজন | (ক) ব্র্যান্ডিং<br>(গ) প্রক্রিয়াজাতকরণ<br>(গ) অনলাইন বিপণন<br>(ঘ) বাজার সম্প্রসারণ | ৫ |
| (১০) | আইনগত ও প্রশাসনিক অনুগত্য | (ক) নিবন্ধন<br>(খ) কর<br>(গ)প্রাণিসম্পদ অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ | ৫ |
| | | **সর্বমোট** | **=১০০** |

**প্রতিটি মানদণ্ডের জন্য মূল্যায়ন সূচক (স্কোরিং)**

**প্রতিটি সূচক ০–৫ স্কেলে মূল্যায়ন করা যেতে পারে:**

* *৫* = অসাধারণ (জাতীয় পর্যায়ে অনুকরণীয়)
* *৪* = খুব ভালো
* *৩* = ভালো
* *২* = সন্তোষজনক
* *১* = সীমিত
* *০* = প্রযোজ্য নয়/প্রমাণ নেই

**অতিরিক্ত যোগ্যতার শর্ত**

* কমপক্ষে *৩–৫ বছর* সফলভাবে প্রাণিসম্পদভিত্তিক আত্মকর্মসংস্থানে যুক্ত থাকতে হবে।
* কোনো গুরুতর আইনগত বা আর্থিক অনিয়মের রেকর্ড থাকা যাবে না।
* প্রাণিসম্পদ অধিদপ্তর বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ইতিবাচক মাঠ-যাচাই প্রতিবেদন থাকতে হবে।
* প্রাণিসম্পদ উন্নয়নে পরিমাপযোগ্য অবদান (উৎপাদন বৃদ্ধি, কর্মসংস্থান, আয় বৃদ্ধি, প্রযুক্তি গ্রহণ ইত্যাদি) প্রমাণসহ উপস্থাপন করতে হবে।
* নারী উদ্যোক্তা হিসেবে অন্য নারীদের দক্ষতা উন্নয়ন ও ক্ষমতায়নে বাস্তব অবদান থাকলে অতিরিক্ত গুরুত্ব দেওয়া হবে।

সরকারি পদকের জন্য *"প্রাণিসম্পদ উন্নয়নে প্রান্তিক খামারি ও অনগ্রসর জনগোষ্ঠীর অবদান"* ক্যাটাগরিতে নিম্নোক্ত *১০০ নম্বরের উপ-সূচকভিত্তিক মূল্যায়ন কাঠামো* গ্রহণ করা যেতে পারে।

| ক্র. নং | মূল্যায়নের বিষয় | প্রতিটি মানদণ্ডের সূচক | প্রস্তাবিত নম্বর |
|---|---|---|---|
| (০১) | প্রাণিসম্পদ পালন ও উৎপাদনে সাফল্য ও | (ক) প্রাণিসম্পদের সংখ্যা ও খামারের সক্ষমতা | ২০ |
| | | (খ) উৎপাদনশীলতা (দুধ, ডিম, মাংস ইত্যাদি) বৃদ্ধি | |
| | | (গ) গত ৩ বছরে উৎপাদন বৃদ্ধির ধারাবাহিকতা | |
| | | (ঘ) খামার ব্যবস্থাপনার মান ও রেকর্ড সংরক্ষণ | |
| (০২) | অর্থনৈতিক অবদান | (ক) প্রাণিসম্পদ থেকে পারিবারিক আয় বৃদ্ধি | ১৫ |
| | | (খ) আত্মকর্মসংস্থান নিশ্চিতকরণ | |
| | | (গ) অন্যের কর্মসংস্থান সৃষ্টি | |
| (০৩) | সরকারি প্রযুক্তি ও সেবা গ্রহণ | (ক) কৃত্রিম প্রজনন/উন্নত জাতের ব্যবহার | ১০ |
| | | (খ) নিয়মিত টিকাদান ও চিকিৎসা সেবা গ্রহণ | |
| | | (গ) সরকারি প্রশিক্ষণ ও সম্প্রসারণ সেবা গ্রহণ | |
| | | (ঘ) আধুনিক খাদ্য ও ব্যবস্থাপনা প্রযুক্তি ব্যবহার | |
| (০৪) | প্রাণিসম্পদের স্বাস্থ্য ও কল্যাণ | (ক) বায়োসিকিউরিটি ব্যবস্থা | ১০ |
| | | (খ) প্রাণিকল্যাণ নিশ্চিতকরণ | |
| | | (গ) রোগ প্রতিরোধ ও স্বাস্থ্য ব্যবস্থাপনা | |
| (০৫) | পরিবেশবান্ধব খামার ব্যবস্থাপনা | (ক) গোবর ও বর্জ্য ব্যবস্থাপনা | ১০ |
| | | (খ) পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ | |
| | | (গ) নিরাপদ খাদ্য উৎপাদন | |
| (০৬) | উদ্ভাবন ও প্রযুক্তি ব্যবহার | (ক) নতুন প্রযুক্তি বা উদ্ভাবন গ্রহণ | ১০ |
| | | (খ) উৎপাদন ব্যয় কমানো বা দক্ষতা বৃদ্ধি | |
| (০৭) | সামাজিক অবদান ও নেতৃত্ব | (ক) অন্যান্য খামারিদের উদ্বুদ্ধকরণ | ১০ |
| | | (খ) সমবায়/ক্লাব/সংগঠনে সক্রিয় অংশগ্রহণ | |
| | | (গ) সমাজে প্রাণিসম্পদ উন্নয়নে নেতৃত্ব | |
| (০৮) | অনগ্রসর জনগোষ্ঠীর ক্ষমতায়ন | (ক) নিজ পরিবার ও সম্প্রদায়ের জীবনমান উন্নয়ন | ৫ |

| | | | |
|---|---|---|---|
| | | (খ) নারী/প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃগোষ্ঠীর অংশগ্রহণ বৃদ্ধি | |
| (০৯) | আইন, নৈতিকতা ও সরকারি নির্দেশনা অনুসরণ | (ক) প্রাণিসম্পদ আইন ও সরকারি নির্দেশনা অনুসরণ | ৫ |
| | | (খ) নিরাপদ ও নৈতিক উৎপাদন ব্যবস্থা | |
| (১০) | ধারাবাহিকতা ও টেকসই উন্নয়ন | (ক) কমপক্ষে ৩ বছর সফলভাবে কার্যক্রম পরিচালনা | ৫ |
| | | (খ) ভবিষ্যৎ সম্প্রসারণ ও টেকসই পরিকল্পনা | |
| | | **সর্বমোট** | **=১০০** |

**মাঠ পর্যায়ে নম্বর প্রদানের নির্দেশিকা**

প্রতিটি উপ-সূচকে নিম্নোক্তভাবে নম্বর প্রদান করা যেতে পারে:

* *১০০% অর্জিত* = পূর্ণ নম্বর
* *৭৫% অর্জিত* = নির্ধারিত নম্বরের ৭৫%
* *৫০% অর্জিত* = নির্ধারিত নম্বরের ৫০%
* *২৫% অর্জিত* = নির্ধারিত নম্বরের ২৫%
* *অর্জিত নয়* = ০ নম্বর

এই কাঠামোটি *জাতীয় প্রাণিসম্পদ পদক* বা *মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সরকারি পদক* মূল্যায়নের জন্য ব্যবহারোপযোগী। এটি স্বচ্ছ, পরিমাপযোগ্য (measurable), যাচাইযোগ্য (verifiable) এবং মাঠ পর্যায়ে সহজে প্রয়োগযোগ্য

জাতীয় পর্যায়ে প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ (খাদ্য, টিকা ও ঔষধ) তৈরি ও প্রক্রিয়াজাতকারী কারখানা/শিল্প মূল্যায়নের মানদন্ড:

| ক্র. নং | মূল্যায়নের বিষয় | প্রতিটি মানদণ্ডের সূচক | প্রস্তাবিত নম্বর |
|---|---|---|---|
| (০১) | আইনগত ও নিয়ন্ত্রক প্রতিপালন | (ক) ট্রেড লাইসেন্স | ১৫ |
| | | (খ) কোম্পানি নিবন্ধন সনদ | |
| | | (গ) কারখানার লাইসেন্স | |
| | | (গ) পরিবেশগত ছাড়পত্র (ECC) | |
| | | (ঘ) কর ও ভ্যাট রিটার্ন | |
| | | (ঙ). নিয়ন্ত্রক সংস্থার পরিদর্শন প্রতিবেদন | |
| | | (চ) লাইসেন্স নবায়নের কপি | |
| (০২) | উৎপাদন সক্ষমতা ও প্রযুক্তি | (ক) উৎপাদন রেজিস্টার | ১৫ |
| | | (খ) দৈনিক/মাসিক উৎপাদন প্রতিবেদন | |
| | | (গ) যন্ত্রপাতির তালিকা | |
| | | (ঘ) উৎপাদন পরিকল্পনা | |
| | | (ঙ) মাঠ পরিদর্শন প্রতিবেদন | |
| | | (চ) যন্ত্রপাতির ক্যালিব্রেশন ও রক্ষণাবেক্ষণ রেকর্ড | |
| (০৩) | গুণগত মান ও নিরাপত্তা | (ক)MP/ISO/HACCP/WHO-GMP সনদ | ১০ |
| | | (খ) QC/QA ল্যাব রিপোর্ট | |
| | | (গ) SOP | |
| | | (ঘ) Certificate of Analysis (CoA) | |
| | | (ঙ) পণ্য প্রত্যাহার (Recall) রেকর্ড | |
| | | (চ) অভিযোগ রেজিস্টার | |
| (০৪) | গবেষণা, উদ্ভাবন ও প্রযুক্তি উন্নয়ন | (ক) R&D প্রকল্প প্রতিবেদন | ১০ |
| | | (খ) গবেষণা বাজেট | |
| | | (গ) নতুন পণ্যের নিবন্ধন | |
| | | (ঘ) পেটেন্ট/কপিরাইট দলিল | |
| | | (ঙ) বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে MoU | |
| | | (চ) বৈজ্ঞানিক প্রকাশনা | |
| (০৫) | বাজার সম্প্রসারণ ও অর্থনৈতিক অবদান* | (ক) বিক্রয় প্রতিবেদন | ১০ |
| | | (খ) নিরীক্ষিত আর্থিক বিবরণী | |
| | | (গ) VAT চালান | |
| | | (ঘ) রপ্তানি দলিল (EXP | |

| | | | |
|---|---|---|---|
| | | (ঙ) Bill of Lading, Customs Documents), | |
| | | (চ) বাজার গবেষণা প্রতিবেদন, আমদানি বিকল্প পণ্যের তথ্য | |
| ০৬) | পরিবেশ ও জৈব নিরাপত্তা | (ক) ETP পরিচালনার লগবুক | ১০ |
| | | (খ) পরিবেশ অধিদপ্তরের পরিদর্শন প্রতিবেদন | |
| | | (গ) বর্জ্য ব্যবস্থাপনা রেকর্ড | |
| | | (ঘ) Biosecurity SOP | |
| | | (ঙ) শক্তি ব্যবহার প্রতিবেদন | |
| | | (চ) নবায়নযোগ্য শক্তি ব্যবহারের প্রমাণ | |
| (০৭) | মানবসম্পদ ও সামাজিক দায়বদ্ধতা | (ক) কর্মচারী তালিকা | ১০ |
| | | (খ) HR রেকর্ড | |
| | | (গ) প্রশিক্ষণ সনদ | |
| | | (ঘ) Occupational Health & Safety (OHS) রেকর্ড | |
| | | (ঙ) CSR প্রতিবেদন | |
| | | (চ) নারী কর্মসংস্থানের তথ্য | |
| (০৮) | ডিজিটাল ব্যবস্থাপনা ও ট্রেসেবিলিটি | (ক) ERP/MIS রিপোর্ট | ৫ |
| | | (খ) Batch Tracking System | |
| | | (গ) QR/Barcode নমুনা | |
| | | (ঘ) সফটওয়্যারের স্ক্রিনশট | |
| | | (ঙ) ডিজিটাল লগ | |
| | | (চ) অভিযোগ ব্যবস্থাপনা সিস্টেমের রেকর্ড | |
| ৯) | সুশাসন ও আর্থিক স্বচ্ছতা | (ক) নিরীক্ষিত আর্থিক বিবরণী | ৫ |
| | | (খ) অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন | |
| | | (গ) পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণী | |
| | | (ঘ) দুর্নীতিবিরোধী নীতি | |
| | | (ঙ) আইনগত মামলার তথ্য | |
| (১০) | গ্রাহক সন্তুষ্টি ও সেবা | (ক) গ্রাহক অভিযোগ রেজিস্টার | ৫ |
| | | (খ) অভিযোগ নিষ্পত্তি প্রতিবেদন | |
| | | (গ) Customer Satisfaction Survey | |
| | | (ঘ) কারিগরি সহায়তা প্রদানের রেকর্ড | |

| | | | |
|---|---|---|---|
| | | (ঙ) Call Center/CRM রিপোর্ট | |
| (১১) | বিশেষ অবদান ও স্বীকৃতি | (ক) জাতীয়/আন্তর্জাতিক পুরস্কারের সনদ | ৫ |
| | | (খ) সরকারি স্বীকৃতি | |
| | | (গ) দুর্যোগকালীন সরবরাহের সরকারি প্রত্যয়ন | |
| | | (খ) শিল্প সংগঠনের প্রশংসাপত্র | |
| | | **সর্বমোট** | **=১০০** |

**মাঠ পরিদর্শনের সময় অতিরিক্ত যাচাই (Physical Verification Checklist)**

* কারখানার অবকাঠামো ও উৎপাদন পরিবেশ পর্যবেক্ষণ
* উৎপাদন লাইন সচল আছে কি না
* কাঁচামাল ও সমাপ্ত পণ্যের সংরক্ষণ ব্যবস্থা
* ল্যাবরেটরি ও পরীক্ষার সক্ষমতা
* ETP ও বর্জ্য ব্যবস্থাপনা কার্যকর আছে কি না
* Biosecurity ও Biosafety ব্যবস্থা বাস্তবে অনুসৃত হচ্ছে কি না
* Batch Number ও Traceability যাচাই
* শ্রমিকদের নিরাপত্তা সরঞ্জাম (PPE) ব্যবহার
* অগ্নি নিরাপত্তা ব্যবস্থা ও জরুরি নির্গমন পথ
* গুদামজাতকরণ ও কোল্ড-চেইন (প্রযোজ্য ক্ষেত্রে)
* ডিজিটাল রেকর্ড ও নথিপত্রের বাস্তব মিল
* এলোমেলোভাবে নির্বাচিত ব্যাচের নথি ও পণ্য মিলিয়ে দেখা (Document-to-Product Verification)

**মূল্যায়নে প্রমাণের উৎস (Sources of Evidence)**

১. আবেদনকারী কর্তৃক দাখিলকৃত নথিপত্র
২. সংশ্লিষ্ট নিয়ন্ত্রক সংস্থার রেকর্ড
৩. নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন
৪. মাঠ পরিদর্শন দলের পর্যবেক্ষণ
৫. ল্যাবরেটরি পরীক্ষার ফলাফল
৬. গ্রাহক ও খামারিদের মতামত/জরিপ
৭. তৃতীয় পক্ষের সার্টিফিকেশন সংস্থার প্রতিবেদন

**আমিষেই শক্তি, আমিষেই মুক্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ শাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১১৮.২৩.০০৩৬.২৫.২০১

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩ / ০৩ মে ২০২৬

**বিষয়: জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ এবং জাতীয় প্রাণিসম্পদ পদক/২০২৬ সংক্রান্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রেরণ।**

সূত্র: প্রাণিসম্পদ অধিদপ্তরের স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১২.২৪.০০০১.২৩.১৪০, তারিখ: ৫ এপ্রিল, ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ এবং জাতীয় প্রাণিসম্পদ পদক/২০২৬ সংক্রান্ত সময়াবদ্ধ নিম্নবর্ণিত কর্মপরিকল্পনা নির্দেশক্রমে অনুমোদন করা হলো:

| ক্রমিক নং | কার্যক্রম | সময়াবদ্ধ পরিকল্পনা |
|---|---|---|
| ১। | প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক দৈনিক জাতীয় পত্রিকা ও ওয়েব সাইট–এ বিজ্ঞপ্তি প্রচার | ৩০ এপ্রিল, ২০২৬ |
| ২। | উপজেলা কমিটির নিকট দরখাস্ত জমা | ৭ জুন, ২০২৬ |
| ৩। | উপজেলা কমিটি কর্তৃক জেলা কমিটির নিকট প্রস্তাব প্রেরণ | ২১ জুন, ২০২৬ |
| ৪। | জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৬ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে একটি প্রস্তুতিমূলক সভার আয়োজন করতে হবে; | ৫ জুলাই, ২০২৬ |
| ৫। | জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৬ প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রস্তুতকরণ এবং কেন্দ্রীয়/জেলা/উপজেলা কর্মসূচি প্রস্তুতকরণ; | ১২ জুলাই, ২০২৬ |
| ৬। | ক) জেলা কমিটি কর্তৃক কারিগরি কমিটি/বাছাই কমিটির নিকট প্রস্তাব প্রেরণ;<br>খ) উদ্বোধনী অনুষ্ঠানের তারিখ, সময় ও স্থান নির্ধারণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে পত্র প্রেরণ; | ১৫ জুলাই, ২০২৬ |
| ৭। | মাঠ পর্যায়ে সফলভাবে বাস্তবায়নের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ বরাবর পত্র প্রেরণ | ৩০ জুলাই, ২০২৬ |
| ৬। | কারিগরি কমিটি কর্তৃক জাতীয় কমিটির নিকট উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ | ১৬ আগষ্ট, ২০২৬ |
| ৭। | জাতীয় কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ | ১৫ সেপ্টেম্বর, ২০২৬ |
| ৮। | প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক ইভেন্ট ম্যানেজমেন্ট নিয়োগ | ১৬ সেপ্টেম্বর, ২০২৬ |
| ৯। | **মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৬ এর উদ্বোধনী অনুষ্ঠান সুষ্ঠভাবে আয়োজনের লক্ষ্যে নিম্নবর্ণিত কমিটিসমূহ গঠন ও কর্মপদ্ধতি বাস্তবায়ন :**<br>ক) কোর কমিটি;<br>খ) আমন্ত্রণপত্র প্রস্তুত, আমন্ত্রীত অতিথিবৃন্দের তালিকা প্রণয়ন ও বিতরণ সাব-কমিটি;<br>গ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে সমন্বয় সাব-কমিটি<br>ঘ) পদক সাব কমিটি;<br>ঙ) প্রধানমন্ত্রীর ভাষণ/অতিথিদের ভাষণ/প্রেস ব্রিফিং/ প্রামাণ্য চিত্র কমিটি/ পদক প্রাপ্তদের বক্তব্য/ জুলাই আহতদের ১ জনের ভাষণ সংক্রান্ত সাব কমিটি;<br>চ) উপস্থাপক ও অনুষ্ঠান পরিচালনা সাব-কমিটি; | ২০ সেপ্টেম্বর, ২০২৬ |

| | | |
|---|---|---|
| | ছ) আপ্যায়ন সাব-কমিটি;<br>জ) ভেন্যু/ সাজ-সজ্জা সাব-কমিটি;<br>ঝ) এসবি থেকে পাস সংগ্রহ সাব-কমিটি;<br>ঞ) আসন বিন্যাস সাব-কমিটি;<br>ট) অভ্যর্থনা ও র‍্যালী সাব-কমিটি;<br>ঠ) সাংগঠনিক কমিটি;<br>ড) অর্থ কমিটি;<br>ঢ) প্রচার ও প্রকাশনা কমিটি;<br>ণ) সেমিনার কমিটি;<br>ত) স্টল ব্যবস্থাপনা কমিটি;<br>থ) পুরষ্কার মূল্যায়ন (স্টল) কমিটি;<br>দ) ফুড ফেস্টিভ্যাল কমিটি; | |
| **উদ্বোধন ও সমাপনি অনুষ্ঠান** | | |
| ১০। | ক) জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহের আনুষ্ঠানিক শুভ উদ্বোধন।<br>খ) জাতীয় প্রাণিসম্পদ পদক ২০২৬ বিতরণ<br>গ) প্রাণিসম্পদ প্রদর্শনী<br>ঘ) ফুড ফেস্টিভ্যাল<br>ঙ) বাংলাদেশ টেলিভিশনে আলোচনা অনুষ্ঠান | ১৫ নভেম্বর/২০২৬ |
| ১১। | ক) সড়ক র‍্যালি<br>খ) সেমিনার সরকারী-বেসরকারী বিভিন্ন প্রাণিসম্পদ অংশীজনের কার্যক্রম ও গবেষণা সংশ্লিষ্ট (বাণিজ্য মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, ফুড সেফটি অথরিটি, প্রতিযোগিতা কমিশন, বিএসটিআই)।<br>গ) প্রাণিসম্পদ প্রদর্শনী<br>ঘ) ফুড ফেস্টিভ্যাল/ রেসিপি প্রতিযোগিতা<br>ঙ) বেসরকারী টেলিভিশনে আলোচনা অনুষ্ঠান (টক শো) | ১৬ নভেম্বর/২০২৬ |
| ১২। | ক) সেমিনার ডিএলএস/ বিএলআরআই (গবেষণা অগ্রগতি ও প্রযুক্তি হস্তান্তর)<br>খ) প্রদর্শনী<br>গ) ফুড ফেস্টিভ্যাল<br>ঘ) জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৬ এর প্রদর্শনীর পুরস্কার বিতরণ এবং সমাপনী | ১৭ নভেম্বর/২০২৬ |
| ১৩। | ক) আলোচনা সভা (প্রাণীজ পণ্যের বহুমুখীকরণ ও রপ্তানী বৃদ্ধিতে সম্ভাবনা ও করণীয় শীর্ষক আলোচনা সভা) | ১৮ নভেম্বর/২০২৬ |
| ১৪। | ক) বিভিন্ন স্কুল, কলেজ, মাদ্রাসায় স্কুল ফিডিং কর্মসূচী<br>প্রাণিসম্পদ সংশ্লিষ্ট ভ্রাম্যমাণ প্রচার প্রচারণা | ১৯ নভেম্বর/২০২৬ |
| ১৫। | ক) প্রাণিসম্পদ সংশ্লিষ্ট অংশীজনদের (তরুণ/নারী উদ্যোক্তা) সমন্বয়ে মতবিনিময় সভা | ২০ নভেম্বর/২০২৬ |
| ১৬। | ক) জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৬ এর সমাপনী অনুষ্ঠান<br>খ) সাংস্কৃতিক অনুষ্ঠান | ২১ নভেম্বর/২০২৬ |

(মোঃ শফিকুল আলম)
উপসচিব
টেলিফোন: ২২৩৩৫৬৬৯৮
ইমেইল: livestock-2@mofl.gov.bd

মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
প্রাণিসম্পদ অধিদপ্তর
ফার্মগেট, ঢাকা।

F:\Backup\Livestock-2-2023\Letter 2026.docx

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১১৮.২৩.০০৩৬.২৫.২০১

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩ / ০৩ মে ২০২৬

**অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১ অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। অফিস কপি/মাস্টার কপি।

(মোঃ শফিকুল আলম)
উপসচিব

F:\Backup\Livestock-2-2023\Letter 2026.docx